দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০১১.২৫.৪৯০৫

তারিখ: ১২ মাঘ ১৪৩২ / ২৬ জানুয়ারি ২০২৬

## নিয়োগপত্র

দুর্নীতি দমন কমিশনের রাজস্ব খাতভুক্ত শূন্য পদের বিপরীতে নিম্নলিখিত ব্যক্তিকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জাতীয় বেতন স্কেল ২০১৫-এর টাকা ১২৫০০-৩০২৩০ বেতনক্রমে (গ্রেড নং-১১) দুর্নীতি দমন কমিশনের **হিসাবরক্ষক** পদে নিয়োগ প্রদান করা হলো:

| মেধাক্রম | রোল নম্বর | নাম |
|---|---|---|
| ১. | ১৭০০০০১৬৩ | নাইম হাসান |

**শর্তাবলি:**

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারি) চাকরি বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারী নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন;

(গ) শিক্ষানবিসকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারি) চাকরি বিধিমালা, ২০০৮-এর ধারা ৭(২)(ক) অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাতে পারবে;

(ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারি) চাকরি বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিসকালে সন্তোষজনকভাবে দায়িত্ব পালনে সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য শর্তাবলি পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকরি স্থায়ী করা হবে;

(ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশন/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা তাদের চাকরি সম্পর্কিত বিষয়াদি নিয়ন্ত্রিত হবে;

(চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারি) চাকরি বিধিমালা, ২০০৮-এর ৩৮(৬) বিধি অনুযায়ী যোগদানের ০৭(সাত) দিনের মধ্যে নির্দিষ্ট ফরমে নিজ এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী কমিশনের সচিব বরাবর দাখিল করতে হবে (সম্পদ বিবরণীর ফরম নিয়োগপত্রের সাথে সংযুক্ত করা হলো);

(ছ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারি) চাকরি বিধিমালা, ২০০৮-এর ১৬ বিধি অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;

(জ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ এবং ডোপটেস্ট রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন/ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(ঞ) চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;

(ঠ) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। উপর্যুক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে ০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর যোগদান করবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

26/01/2026

মোহাম্মদ নাজমুল হাসান
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)
ফোন: ০২-২২২২২১১৬৫
E-mail: d.admin@acc.org.bd

CamScanner

তারিখ: ১২ মাঘ ১৪৩২ / ২৬ জানুয়ারি ২০২৬

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০১১.২৫.৪৯০৫(১০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৫. পরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৬. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যান এঁর সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনার এঁর সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. উপপরিচালক (প্রশাসন/মানবসম্পদ/অর্থ, হিসাব ও নিরীক্ষা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১. প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (নিয়োগপত্রটি কমিশনের ওয়েবসাইটের প্রকাশের অনুরোধসহ)।
১২. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. জনাব ............................................................................................................................ ..............................................................................................................।
১৪. অফিস নথি/গার্ড নথি/ব্যক্তিগত নথি।

২৬/০১/২৬

মোঃ আনোয়ার হোসেন
উপপরিচালক (মানবসম্পদ)
ফোন: ০২-৯৩৩৪৩৮৫
E-mail: dd.establishment@acc.org.bd

CamScanner